## অধ্যায়-১২: ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

৩৫৬. বাংলাদেশে কোন ব্যাংক CSR-এর ক্ষেত্রে সবচেয়ে বেশি এগিয়ে রয়েছে? (অনুধাবন) /সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক) গ্রামীণ ব্যাংক খ) যমুনা ব্যাংক
গ) সোনালী ব্যাংক ঘ) ডাচ্-বাংলা ব্যাংক **ঘ**

৩৫৭. কোনটি ব্যবসায়িক মূল্যবোধের পরিচায়ক? (জ্ঞান) /বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা; ঠাকুরগাঁও সরকারি কলেজ/
ক) দীর্ঘসময় পণ্য মজুদ রাখা
খ) জনগণকে পণ্যের ভালো দিক সম্পর্কে জানানো
গ) ন্যায্যমূল্যে পণ্য বিক্রি
ঘ) পণ্য উৎপাদনের সাধারণ উপকরণের ব্যবহার **গ**

৩৫৮. নিচের কোনটি সুশাসনের অভাবে ঘটে থাকে? (অনুধাবন) /সরকারি এমএম সিটি কলেজ, খুলনা/
ক) সরকারি পাওনা ফাঁকি দেয়ার প্রবণতা বৃদ্ধি পায়
খ) আর্থিক প্রতিষ্ঠানের সুদের হার বৃদ্ধি পায়
গ) ভেজাল পণ্যের সহজলভ্যতা হ্রাস পায়
ঘ) ভেজাল পণ্যের বাজারে প্রবেশ রহিত হয় **ক**

৩৫৯. ব্যবসায় জগতে সঠিক পথের দিক-নির্দেশনা হিসেবে কাজ করে কোনটি? (অনুধাবন) /সরকারি এমএম সিটি কলেজ, খুলনা/
ক) সামাজিক প্রথা খ) সাংস্কৃতিক
গ) নৈতিক মূল্যবোধ ঘ) আইন **গ**

৩৬০. কার্যক্ষেত্রে উপযুক্ত কর্মপরিবেশ সৃষ্টি সমাজের কোন পক্ষের প্রতি ব্যবসায়ের দায়িত্ব পালন বুঝাবে? (জ্ঞান) /ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ/
ক) স্বগোত্রীয় ব্যবহার খ) সরকার
গ) সাধারণ জনগণ ও ভোক্তা
ঘ) শ্রমিক **ঘ**

৩৬১. নিচের কোনটি বিনিয়োগকারীদের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন? (অনুধাবন) /সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম/
ক) পরিবেশ বান্ধব পণ্য উৎপাদন
খ) সংগৃহীত মূলধন যথাযথভাবে ব্যবহার
গ) বিভিন্ন ধরনের প্রণোদনার ব্যবস্থা
ঘ) বণিক সভার সদস্য হওয়া **খ**

৩৬২. খাদ্যে ভেজাল মিশ্রণ নিচের কোনটির কারণে মানুষ করে থাকে? (অনুধাবন) /চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ/
ক) নৈতিকতার অভাব
খ) ব্যবসায়ের মূল্যবোধের অভাব
গ) জ্ঞানের অভাব
ঘ) দরিদ্রতা **খ**

৩৬৩. আরএফএল হোম মেকার 'অফ দি ইয়ার' প্রতিযোগিতার মাধ্যমে সেরা গৃহিণী বাছাইয়ের আয়োজন করে। তাদের এ আয়োজন কীসের অন্তর্ভুক্ত? (প্রয়োগ) /বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম/
ক) সামাজিক দায়িত্বের
খ) মুনাফাভোগী স্বভাবের
গ) রাজনৈতিক দায়িত্বের
ঘ) সাংস্কৃতিক দায়িত্বের **ক**

৩৬৪. দেশ তথা সমগ্র জাতি ক্ষতিগ্রস্থ হয় কীভাবে? (উচ্চতর দক্ষতা) /বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/
ক) ব্যবসায়ীদের অদক্ষতায়
খ) ব্যবসায়ীর নৈতিকতা বিবর্জিত হলে
গ) বিদেশি বাণিজ্যের অগ্রাসন হলে
ঘ) ব্যবসায়িক চিন্তাধারার ভিন্নতা **খ**

৩৬৫. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলতে কোনটি বোঝায়? (অনুধাবন) /বরেন্দ্র কলেজ, রাজশাহী/
ক) অতিরিক্ত মুনাফা নিয়ে মানসম্মত পণ্য বিক্রয়
খ) পণ্য বিক্রয়ে ছাড় প্রদান করা
গ) ক্রেতাদের সম্মান করা
ঘ) সমাজের কল্যাণকর কাজে অংশ নেয়া **ঘ**

৩৬৬. অনন্ত জনগণের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সামগ্রী সংগ্রহ করে তা তাদের প্রয়োজন অনুযায়ী সরবরাহ করে। অনন্তের কাজের মধ্যে কী রয়েছে? (প্রয়োগ) /শহীদ রমিজউদ্দিন কলেজ, ঢাকা ক্যান্ট/
ক) সামাজিক দায়বদ্ধতা খ) সামাজিক উন্নয়ন
গ) চিন্তাশীলতা ঘ) জনহিতকর কাজ **ক**

৩৬৭. আজাদ ভবিষ্যতে পণ্যের মূল্য বৃদ্ধির সম্ভাবনা জেনেও ভোক্তাদের কাছে ন্যায্য মূল্যে পণ্য বিক্রি করেন। আজাদ কীসের প্রতি দায়িত্ব পালন করেছে? (অনুধাবন) /শহীদ রমিজউদ্দিন কলেজ, ঢাকা ক্যান্ট/
ক) রাষ্ট্রের প্রতি খ) সমাজের প্রতি
গ) ক্রেতার প্রতি ঘ) শ্রমিকদের প্রতি **গ**

৩৬৮. সাহেব আলী একজন ব্যবসায়ী। তার ব্যবসায়িক জ্ঞানবোধ এবং আচরণ সকলের জন্য অনুকরণীয়। তার এ মূল্যবান এবং অনুকরণীয় জ্ঞানবোধ ও আচরণকে কী বলে? (প্রয়োগ) /শাহজাদপুর সরকারি কলেজ, পাবনা/
ক) নৈতিকতা খ) সততা
গ) মূল্যবোধ ঘ) ব্যবসায়িক মূল্যবোধ **ঘ**

৩৬৯. রহিম তার প্রতিষ্ঠানের ময়লা খোলা জায়গায় ফেলে এবং তার কারখানা থেকে কালো ধোঁয়া বের হয়। এর দ্বারা কী দূষিত হয়? (প্রয়োগ) /বরেন্দ্র কলেজ, রাজশাহী/
ক) বায়ু খ) শব্দ
গ) পানি ঘ) মাটি **ক**

http://teachingbd.com

৩৭০. ব্যবসায়িক মূল্যবোধ বলতে বোঝায় — (অনুধাবন) /মিরপুর গার্লস আইডিয়াল ল্যাব. ইনস্টিটিউট, ঢাকা/
i. ব্যবসায়ীর মূল্যবান আচরণ
ii. ব্যবসায়ীর অনুকরণীয় আচরণ
iii. ব্যবসায়ীর স্থায়ী আচরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  ক

৩৭১. ব্যবসায়ের নৈতিকতার মধ্যে পড়ে — (অনুধাবন) /সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/
i. পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করা
ii. জনকল্যাণে অবদান রাখা
iii. শিল্প আইন মেনে চলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  গ

৩৭২. বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে 3R-এর অন্তর্ভুক্ত হলো — (অনুধাবন) /ঢাকা কমার্স কলেজ/
i. Reduce  ii. Reshuffle
iii. Recycle
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  খ

উদ্দীপকটি পড়ো এবং ৩৭৩ ও ৩৭৪ নং প্রশ্নের উত্তর দাও।
আলী আহাম্মদ একজন শিল্পপতি। তিনি বিশেষ ব্যবস্থার মাধ্যমে কারখানার বর্জ্য সংরক্ষণ করেন এবং সার উৎপাদনে ব্যবহার করে লাভবান হন। /ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ/

৩৭৩. আলী আহাম্মদ পরিবেশের কোন উপাদানটি সংরক্ষণ করেছেন (প্রয়োগ)
ক বায়ু  খ পানি
গ মাটি  ঘ শব্দ  গ

৩৭৪. আলী আহাম্মদ কর্তৃক যেসব সামাজিক দায়িত্ব পালিত হচ্ছে— (উচ্চতর দক্ষতা)
i. পরিবেশ দূষণ রোধ
ii. উৎপাদন বৃদ্ধি
iii. মুনাফা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  ঘ

উদ্দীপকটি পড়ো এবং ৩৭৫ ও ৩৭৬ নং প্রশ্নের উত্তর দাও।
মি. সাহিন গার্মেন্টিস ব্যবসায়ী ও বড় রপ্তানিকারক। গার্মেন্টিস কারখানার পাশেই তিনি শ্রমিকদের জন্য থাকার ব্যবস্থা ও পাশেই স্কুল করেছেন। কিন্তু তার এ কাজে কিছু শিল্প মালিক অসন্তুষ্ট। /শহীদ রমিজউদ্দিন কলেজ, ঢাকা ক্যান্ট./

৩৭৫. মি. সাহিন স্কুল প্রতিষ্ঠা করে কাদের প্রতি দায়িত্ব পালন করেছেন? (প্রয়োগ)
ক শ্রমিক-কর্মী  খ সাধারণ সম্প্রদায়
গ সরকার  ঘ ক্রেতা ও ভোক্তা  খ

৩৭৬. মি. সাহিনের কাজে কিছু শিল্প মালিক অসন্তুষ্ট হওয়ার কারণ — (উচ্চতর দক্ষতা)
i. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব সম্পর্কে তারা সচেতন নয়
ii. সাহিন ব্যবসায় খারাপ করবে ভেবে তারা সংকিত
iii. সাহিনের সামাজিক মর্যাদা লাভে তারা সন্তুষ্ট নয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  খ

উদ্দীপকটি পড়ো এবং ৩৭৭ ও ৩৭৮ নং প্রশ্নের উত্তর দাও।
মি. রহমান গ্রাম থেকে সবজি কিনে শহরে এনে বিক্রি করেন। তিনি সবজিতে কখনও রাসায়নিক উপকরণ ব্যবহার করেন না এবং নিজেও তা কেনেন না। /শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা/

৩৭৭. উদ্দীপকে বর্ণিত মি. রহমানের ব্যবসায়টি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? (প্রয়োগ)
ক কালগত  খ ঝুঁকিগত
গ স্থানগত  ঘ রূপগত  গ

৩৭৮. উদ্দীপকে বর্ণিত রহমানের সবজিতে রাসায়নিক উপকরণ ব্যবহার হতে বিরত থাকার কারণ হলো — (উচ্চতর দক্ষতা)
i. ব্যক্তিক মূল্যবোধ
ii. সামাজিক মূল্যবোধ
iii. ধর্মীয় মূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  ক

উদ্দীপকটি পড়ো এবং ৩৭৯ ও ৩৮০ নং প্রশ্নের উত্তর দাও।
মামুন সাহেব একজন ফল ব্যবসায়ী। মৌসুম অনুযায়ী তিনি সরাসরি কৃষকদের নিকট থেকে ফল কিনে তা খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করেন। তিনি অন্য ব্যবসায়ীদের দেখাদেখি ফল সংরক্ষণ করার জন্য ফরমালিনসহ বিভিন্ন রাসায়নিক ব্যবহার করেন। তিনি জানেন না এ রাসায়নিক মানবদেহের জন্য কতটা মারাত্মক হতে পারে। /সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/

৩৭৯. মামুন সাহেবের কর্মকাণ্ডে ব্যবসায়ের কোন দিকটি অনুপস্থিত? (প্রয়োগ)
ক নৈতিকতা  খ সামাজিকতা
গ মূল্যবোধ  ঘ বৈধতা  ক

৩৮০. মামুন সাহেবদের এ ধরনের কর্মকাণ্ডের পিছনে যুক্তি থাকতে পারে — (উচ্চতর দক্ষতা)
i. অধিক মুনাফা অর্জন
ii. ব্যবসায়িক ঝুঁকি হ্রাস
iii. পণ্যের গুণাগুণ ধরে রাখা
নিচের কোনটি সঠিক?
ক i  খ i ও ii
গ ii  ঘ i, ii ও iii  খ

Teachingbd.com